

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১২০/২০১৬

অভিযোগকারী : জনাব শংকরী রানী দে তরফদার
পিতা-সুনীল চন্দ্র দে তরফদার
গ্রাম-কাউনিয়া, পোঃ মশিউর নগর
জেলা-ময়মনসিংহ।

প্রতিপক্ষ : জনাব কামরুন নাহার
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ঢাকা-১০০০।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ২৯-০৮-২০১৬ ইং)

অভিযোগকারী ১১-০২-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব কামরুন নাহার, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১০০০ বরাবরে রেজিস্ট্রি ডাকাযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ১) বিদ্যাময়ী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের স্মারক নং ৬সি/৭০-সম/২০০৮/১৪৮৪৭-সম, তারিখঃ ১৫-১০-২০১২ ইং অনুযায়ী আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে সাময়িক বরখাস্ত করার কারণ কী?
 - ২) তার ব্যক্তিগত শুনানীতে অংশ গ্রহণের সুযোগ দেয়ার তারিখ কত?
 - ৩) মাউশি কর্তৃপক্ষ, জনাব প্রণব কুমার দেবকে দণ্ড প্রদানের বিষয়ে ০৩-১২-২০১৩ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা চান। ঐ নির্দেশনা চাওয়ার স্মারক নং কত? ঐ স্মারকের ফটোকপি প্রয়োজন।
 - ৪) জনাব প্রণব কুমার দেবকে ১৫ (পনের) বার আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে বদলী করার কারণ কী? প্রতিটি বদলীর অফিস আদেশের সত্যায়িত কপি প্রয়োজন।
 - ৫) বিদ্যাময়ী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের পিআরএল ভোগরত প্রধান শিক্ষক জনাব শিরীন বানুর প্রধান শিক্ষক হওয়ার যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকা সত্ত্বেও তিনি সুদীর্ঘ কাল ধরে প্রধান শিক্ষক ছিলেন কিভাবে? জনাব শিরীন বানু হাইকোর্টের নির্দেশ লঙ্ঘন করে ২০১৫ সনের এস.এস.সি পরীক্ষার্থীদের কাছ থেকে তিন লক্ষ টাকা আত্মসাৎ করার জন্য তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়া হয়নি কেন?
- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে ০৫-০৩-২০১৬ তারিখে প্রফেসর ফাহিমা খাতুন, মহাপরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১০০০ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৩-০৫-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ২৫-০৫-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ ১৯-০৬-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী গরহাজির কিন্তু প্রতিপক্ষ হাজির। অভিযোগকারী গরহাজির থাকায় ১৯-০৭-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।
- ৫। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী কোন কারণ দর্শানো ব্যতিরেকে গরহাজির কিন্তু প্রতিপক্ষ সময়ের আবেদন করে গরহাজির। পরবর্তী ০৩-০৮-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

- ৬। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী গরহাজির কিন্তু প্রতিপক্ষ হাজির। অভিযোগকারীকে কারণ দর্শানোর নোটিশসহ সমন এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও উপ-পরিচালক, মাধ্যমিক কলেজ শাখা-কে সমন জারী পূর্বক পরবর্তী ২৯-০৮-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করা হয়। অদ্য ২৯-০৮-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী গরহাজির ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও উপ-পরিচালক, মাধ্যমিক কলেজ শাখা হাজির।
- ৭। অভিযোগকারী গরহাজির থাকায় তার বক্তব্য পাওয়া যায় নি। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তার বক্তব্যে উল্লেখ করেন যে, স্মারক নং-ওমম/৬৬জিএ/অংশ-১/২০১৬৫১৫৪৩/৩ তারিখ- ২৩-৮-২০১৬ এর মারফত জবাব সরবরাহ করার নিমিত্তে তথ্যের মূল্য পরিশোধ করার জন্য পত্র প্রেরণ করেছেন। অভিযোগকারী তথ্যের মূল্য পরিশোধ করলে অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে নিশ্চয়তা প্রদান করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট আবেদন করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীর চাহিত সকল তথ্যাদি সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থিত পূর্ণাঙ্গ তথ্য উপর্যুক্ত পর্যালোচনার আলোকে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব কামরুন নাহার, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১০০০ কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার